গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmedutrust.gov.bd; Fax: 02-8191019

স্মারক নং-৩৭.২৪.০০.০০০.২৮.০০১(অংশ-০৬).২০১৬-৫২২৬ তারিখ: ০২ বৈশাখ, ১৪২৬ / ১৫ এপ্রিল, ২০১৯

**বিষয় : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০১৭-১৮, ২০১৬ -১৭ এবং ২০১৫ -১৬ (১ম, ২য় ও ৩য় বর্ষ) শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে তথ্য সফট কপি ও হার্ড কপি আকারে প্রেরণ প্রসংগে।**

উর্পযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক **২০১৭-১৮, ২০১৬ -১৭ এবং ২০১৫ -১৬ (১ম, ২য় ও ৩য় বর্ষ)** শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে। **২০১৭-১৮, ২০১৬ -১৭ এবং ২০১৫ -১৬ (১ম, ২য় ও ৩য় বর্ষ)** শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও প্রতিষ্ঠান কে উপবৃত্তি প্রাপ্তির জন্য নিম্ন বর্ণিত শর্তাবলি পূরণ করতে হবে :

১. অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের সন্তান, প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম, নদীভাঙ্গন কবলিত পরিবারের সন্তান এবং দু:স্থ পরিবারের সন্তানগণ উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

২. উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় মোট ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার কম হতে হবে। অভিভাবক/পিতামাতার মোট জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী ০.০৫ (পাঁচ) শতাংশ এবং অন্যান্য এলাকায় ০.৭৫ (পঁচাত্তর) শতাংশের কম জমি থাকতে হবে।

৩. আবেদনকারীকে জমির পরিমাণ ও বার্ষিক আয় সম্পর্কিত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট এলাকার সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সংশ্লিষ্ট ভূমি কর্মকর্তা/সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান থেকে সনদপত্র সংযুক্ত করতে হবে।

৪. উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে স্নাতক (পাস)/সমমান (ফাজিল) পর্যায়ে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।

**৫. নিয়মিত শিক্ষার্থী হিসেবে শ্রেণীকক্ষে (ক্লাস) কমপক্ষে ৭৫% উপস্থিত থাকতে হবে। এক্ষেত্রে আবশ্যিক বিষয় হিসেবে ( বাংলা/ইংরেজি ) গণনা করা যেতে পারে।**

৬. ছাত্র-ছাত্রীর ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ (জাতীয় বিশ্ববিদ্যালয়/ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের) স্বীকৃতি এবং পাঠদানের অনুমতি থাকতে হবে।

৭. সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে কোনরূপ টিউশন ফি গ্রহণ করা যাবে না।

৮. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে ব্যাংকের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে।

৯. তৃতীয় লিঙ্গধারী সকল শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তির জন্য বিবেচিত হবে এবং এদের তালিকা পৃথকভাবে প্রেরণ করতে হবে।

১০. শিক্ষার্থী নির্বাচনের জন্য সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে দু'টি কমিটি থাকবে।

**(ক) সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচন কমিটি :**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ সংশ্লিষ্ট কলেজ | সভাপতি |
| ২ | একজন শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৪ | একজন অভিভাবক প্রতিনিধি (অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫ | শিক্ষক পরিষদের সম্পাদক | সদস্য সচিব |

(খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচন কমিটি :

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | গভর্নিং বডি / ব্যবস্থাপনা পর্ষদের সভাপতি | সভাপতি |
| ২ | শিক্ষকদের মধ্য থেকে নির্বাচিত গভর্নিং বডির একজন শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩ | গভর্নিং বডির একজন অভিভাবক প্রতিনিধি (অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৫ | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ | সদস্য সচিব |

**১১। দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচনের নিয়মাবলি :**

**(ক) প্রাথমিক নির্বাচন :**

(১) প্রথমত, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত প্রত্যেক শিক্ষাবর্ষের মোট শিক্ষার্থীর মধ্য হতে উপরিল্লিখিত শর্তাবলীর আলোকে শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে যাচাই করে মোট আবেদিত ছাত্র এবং ছাত্রীর পৃথক তালিকা প্রস্তুত করতে হবে।

(২) প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্রী তালিকাকে ১০০% ধরে তার মধ্য হতে ৭৫% ছাত্রীকে উপবৃত্তির জন্য নির্বাচন করতে হবে। একইভাবে, প্রাথমিক নির্বাচিত ছাত্র তালিকাকে ১০০% ধরে তার মধ্য হতে ২৫% ছাত্রকে উপবৃত্তির জন্য নির্বাচন করতে হবে।

(উদাহরণ: ধরা যাক, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্রছাত্রীর সংখ্য ১৫০ জন। তার মধ্যে উপবৃত্তির জন্য আবেদন করেছেন ৪০ জন ছাত্রী এবং ৫০ জন ছাত্র। উপবৃত্তি প্রাপ্তির মানদণ্ড ও শর্তাবলীর আলোকে প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্রী সংখ্যা ৩৫ জন এবং ছাত্র সংখ্যা ৪০ জন। তাহলে, নির্বাচিত ছাত্রীর ৭৫% অর্থাৎ ৩৫x৭৫/১০০ = ২৬ জন এবং নির্বাচিত ছাত্রের ২৫% অর্থাৎ ৪০x২৫/১০০ = ১০ জন। সুতরাং মোট উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী হবে ২৬+১০ = ৩৬ জন।)

**(খ) চূড়ান্ত নির্বাচন :**

দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচন কমিটি উপবৃত্তির জন্য ১ম, ২য় ও ৩য় বর্ষের শিক্ষার্থী নির্বাচন চূড়ান্ত করবেন এবং নির্বাচিত শিক্ষার্থীদের নাম ও শ্রেণী রোল নম্বর চূড়ান্ত করবেন। নির্বাচন কমিটি উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর তালিকা চূড়ান্তভাবে প্রস্তুতকালে একটি রেজুলেশন করবেন। উক্ত রেজুলেশনের কপি এবং উপবৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকার (PMEAT:DF-2 অনুযায়ী) কপি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট অফিসে প্রেরণ করতে হবে। উক্ত রেজুলেশন ও উপবৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সংরক্ষণ করবেন। উল্লেখ্য যে, রেজুলেশন এর কপি ব্যতিত নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা গ্রহণযোগ্য হবে না।

**উপরিল্লিখিত নীতি ও শর্তাবলি অনুসরণ করে সংযুক্ত ছক মোতাবেক উপজেলার সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্তির জন্য ১ম, ২য় ও ৩য় বর্ষের যোগ্য শিক্ষার্থী তালিকার এক কপি করে ৩ টি কপি (প্রতি বর্ষের এক কপি করে) (PMEAT:DF-2 ছবি সংযুক্ত হার্ড কপি) অত্র দপ্তরে এবং সফট কপি (PMEAT:DF-3, PMEAT:DF-4) অত্র দপ্তরে ডাক যোগে এবং ই-মেইল (md_pmedutrust@yahoo.com) এ আগামী ১৬/০৫/২০১৯ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**

**সংযুক্তি : PMEAT:DF -1, 2, 3, 4.**

এ.বি.এম.জাকির হোসাইন
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯২২০০
ই-মেইল: md_pmedutrust@yahoo.com

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/মেট্রো লিঁয়াজো কর্মকর্তা

..........................................

..........................................

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রোড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ-ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জেলা প্রশাসক (সকল)
৮. অধ্যক্ষ ..............................................................................................
৯. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
১০. অফিস কপি।